প্রথম আলো

তারিখ ....19 MAY 2016..
পৃষ্ঠা ৭ ..৩.. কলাম ২ ... ......

# নির্যাতিত শিক্ষক-সমাজ

যে জাতি যত বেশি শিক্ষিত, সে জাতি তত বেশি সমৃদ্ধ। শিক্ষার উদ্দেশ্য মনুষ্যত্বের বিকাশ, মানবমুক্তি ও উন্নয়ন। আর সেই শিক্ষা দেন শিক্ষকেরা। কবি কাদের নেওয়াজের 'ওস্তাদের কদর' কবিতা থেকে দুটি লাইন উদ্ধৃত করছি, 'আজ হতে চির উন্নত হল শিক্ষাগুরুর শির,/ সত্যিই তুমি মহান উদার বাদশাহ্ আলমগীর'। এই লাইন দুটিতে শিক্ষকের মর্যাদার কথাই প্রতীয়মান হয়েছে। কিন্তু বর্তমান সমাজে শিক্ষকদের সম্মান তো দূরের কথা, তাঁদের যেভাবে লাঞ্ছিত, নিগৃহীত ও আহত করা হচ্ছে, তাতে আমরা উদ্বিগ্ন। নারায়ণগঞ্জে যেভাবে সাংসদ একজন শিক্ষককে প্রকাশ্যে অপদস্থ করলেন, তাতে আমরা ক্ষুব্ধ ও লজ্জিত।

অন্যদিকে নাটোরের কলেজশিক্ষক মিজান হত্যার খবর সবাই জানেন। মিজান শিক্ষকতার পাশাপাশি অতিরিক্ত দায়িত্ব ও কর্তব্য হিসেবে বিবেকের টানে ছাত্রছাত্রীদের